## উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী
## খানসামা, দিনাজপুর।

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
: উপজেলা নির্বাহী অফিসার
: খানসামা, দিনাজপুর।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ।
তারিখ : ২৭/০৫/২০২৫ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয়কে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় :**

০১। ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন (উফশী জাত) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের জন্য ইউনিয়নওয়ারী জমি/চাষীর বিভাজন ও কর্মসূচী বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর মহোদয়ের স্মারক নং ১২.১৭.২৭০০.০৪১.১৬.১০০.২৫/১০৭৪(৩৪); তাং- ১৮/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক সরকার ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন (উফশী জাত) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী গ্রহণ করেছেন। ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে কর্মসূচীর নীতিমালা অনুযায়ী রোপা আমন (উফশী জাত) ফসলের জন্য অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ৫ কেজি রোপা আমন (উফশী জাত) বীজ, ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি প্রদান করা হবে। ইউনিয়ন ভিত্তিক খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন (উফশী জাত) ফসলের আবাদের পরিমাণের প্রতিবেদনের উপর ভিত্তি করে ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন (উফশী জাত) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ প্রদানের জন্য কৃষি পুনর্বাসন কর্মসূচীর ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রস্তাবনা তৈরী করা হয়েছে যা নিম্নরূপঃ-

সারনিঃ ১

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ফসলভিত্তিক জমির বিভাজন (বিঘা/জন) | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | রোপা আমন ধান (উফশী) | | |
| ০১. | আলোকঝাড়ী | ৩২০ | ৩২০ | অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ৫ কেজি রোপা আমন ধান (উফশী) বীজ, ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি প্রদান করা হবে। |
| ০২. | ভেড়ভেড়ী | ২৭৫ | ২৭৫ | |
| ০৩. | আঙ্গারপাড়া | ২৬৫ | ২৬৫ | |
| ০৪. | খামারপাড়া | ২৮০ | ২৮০ | |
| ০৫. | ভাবকী | ২৭০ | ২৭০ | |
| ০৬. | গোয়ালডিহি | ২৯০ | ২৯০ | |
| সর্বমোট= | | ১৭০০ | ১৭০০ | |

উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয় কর্মসূচী বাস্তবায়নের শর্তাবলী ও নীতিমালা সভায় বিস্তারিত আলোচনা করেন। অত:পর কৃষি পুনর্বাসন কর্মসূচীর সফল বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমুহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

CamScanner

সিদ্ধান্ত ঃ

০১. সারনি নং ১ এ প্রদত্ত ইউনিয়ন অনুযায়ী বিভাজন প্রস্তাবনা বিবরণী সভায় অনুমোদন করা হল।

০২. বিভাজন অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারি কৃষক) কৃষকের প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট অনুমোদনের জন্য আগামী ০১২/০৬/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন (উফশী জাত) ফসলের কৃষকের প্রাথমিক তালিকা প্রেরণ করবেন।

০৩. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনের পর প্রত্যেক কৃষকের স্টাম্প সাইজ ছবি ও মোবাইল নম্বর এবং কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকী অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয়পত্র নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। সকল প্রকার উপকরণ নীতিমালা অনুযায়ী মাষ্টাররোলের মাধ্যমে উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৫/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

CamScanner

পরিশিষ্ট 'ক'

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভার সদস্যগণের উপস্থিতি

সভার তারিখ: ২৭/০৫/২০২৫ খ্রিঃ

স্থান: উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

সময়: সকাল ১১.০০ ঘটিকা

| ক্রমিক নং | পদবী / কর্মস্থল | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার<br>খানসামা, দিনাজপুর। | " |
| ২. | উপজেলা মৎস্য অফিসার<br>খানসামা, দিনাজপুর। | " |
| ৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>খানসামা, দিনাজপুর। | " |
| ৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর। | " |
| ৫. | আমিনুল হক বিএসসি (স্থানীয় প্রতিনিধি)<br>খানসামা, দিনাজপুর। | " |
| ৬. | জয়নাল হোসেন (এনজিও প্রতিনিধি)<br>এলাকা ব্যবস্থাপক (প্রগতি), ব্র্যাক, খানসামা, দিনাজপুর। | " |
| ৭. | মোঃ সামিউল ইসলাম (কৃষক প্রতিনিধি)<br>দক্ষিণ বালাপাড়া, খামারপাড়া, খানসামা, দিনাজপুর। | " |
| ৮. | উপজেলা কৃষি অফিসার<br>খানসামা, দিনাজপুর। | " |

স্মারক নংঃ ১২.১৮.২৭৬০.০৪১.৩৮.০০১.২৫/২৯৫ তারিখঃ ২৭/০৫/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, দিনাজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
৪. উপজেলা........................................ অফিসার, খানসামা, দিনাজপুর।
৫. জনাব......................................, চেয়ারম্যান, .......................... ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
৬. জনাব.............................................., খানসামা, দিনাজপুর।
৭. ...................................উপসহকারী কৃষি অফিসার, ব্লক..................খানসামা, দিনাজপুর।

২৭/০৫/২০২৫

(ইয়াসমিন আক্তার)
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
খানসামা, দিনাজপুর।

CamScanner